# ঢাকা মহানগর মহিলা কলেজ
(ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত)
লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঢাকা-১১০০।

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয় ও সরকারি বিধি মোতাবেক ঢাকা মহানগর মহিলা কলেজের নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল |
|---|---|---|
| অধ্যক্ষ | স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি | জাতীয় বেতন স্কেল-২০১৫ |

অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতক পর্যায়ে পাঠদানকারী কোনো কলেজের অধ্যক্ষ/উপাধ্যক্ষ/অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপকগণ উপরোল্লিখিত পদে আবেদন করতে পারবেন। আবেদনকারীর ন্যূনতম ১৫ বৎসরের ডিগ্রি কলেজ পর্যায়ে পাঠদানের অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর অবশ্যই ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ হিসেবে ৩ (তিন) বৎসর অথবা সহকারী অধ্যাপক হিসেবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অধ্যক্ষ পদে যে সকল প্রার্থীর বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসর অতিক্রম করেছে তারা স্থায়ী নিয়োগ লাভ করতে পারবেন না। তবে এমপিওভুক্ত শিক্ষকদের স্থায়ী নিয়োগের ক্ষেত্রে বয়সের শর্ত প্রযোজ্য হবে না।

শর্তাবলি : আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, ৪ কপি পি.পি সাইজের রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি ও অভিজ্ঞতা সনদ এবং যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম ও সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ (অফেরৎযোগ্য) আবেদনপত্র আগামী ৩০/০৮/২০২২ খ্রি: তারিখের মধ্যে অধ্যক্ষ, ঢাকা মহানগর মহিলা কলেজ, লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঢাকা-১১০০ বরাবর অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বি:দ্র: গত ২৪/১২/২০২০খ্রি: তারিখের বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী উপরোক্ত সকল শর্ত পূরণ করে অধ্যক্ষ পদের জন্য আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

11. 08. 2022

প্রফেসর তাহ্‌মিনা হক
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা মহানগর মহিলা কলেজ

ডিএসসিসি/পিআরডি/২৮/২০২২-২০২৩

জি-১৬৮৭/২২ (৫" x ৩)